

PRINT

# সমকালে

## বন্ধ ঘোষণার পরও উত্তাল পাবিপ্রবি

১২ ঘন্টা আগে

### পাবনা অফিস

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (পাবিপ্রবি) অনিদিষ্টকালের জন্য বন্ধ ঘোষণার পরও উত্তাল রয়েছে ক্যাম্পাস। তবে সাধারণ শিক্ষার্থীরা হল ছেড়েছেন। গতকাল মঙ্গলবার সকাল ১০টা থেকে বিশ্ববিদ্যালয়ের দুটি হল ছেড়ে যান আবাসিক ছাত্রছাত্রীরা।

এদিকে, ছয় দফা দাবি বাস্তবায়নের দাবিতে গতকালও দ্বিতীয় দিনের মতো বিক্ষোভ করেন আন্দোলনরত শিক্ষার্থীরা। এ সময় অপ্রীতিকর ঘটনা এড়াতে ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়। সোমবার সন্ধ্যায় রিজেন্ট বোর্ডের

জরুরি সভায় ১০ ছাত্রকে বিশৃঙ্খলা সৃষ্টির জন্য চিহ্নিত করা হয় এবং তাদের বহিক্ষারের সুপারিশ করা হয়। এ ছাড়া বিশ্ববিদ্যালয় অনিদিষ্টকালের জন্য বন্ধের ঘোষণা দিয়ে নোটিশ জারি করে কর্তৃপক্ষ। নোটিশে বলা হয়, ৬ নভেম্বর থেকে পরবর্তী ঘোষণা না দেওয়া পর্যন্ত বিশ্ববিদ্যালয় বন্ধ থাকবে। তবে আগামী ১৬ নভেম্বর ২০১৮-১৯ শিক্ষাবর্ষে প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা যথারীতি অনুষ্ঠিত হবে।

আন্দোলনরত শিক্ষার্থীরা জানান, ২০১৫-১৬ শিক্ষাবর্ষসহ পরবর্তী সব ব্যাচকে পূর্ববর্তী ব্যাচগুলোর অর্ডিন্যাস্পের আওতাভুক্ত করা, হলের ডাইনিংয়ের উন্নয়নের জন্য ভর্তুকি প্রদান, অধিকাংশ শ্রেণিকক্ষের বিদ্যমান চেয়ার সংকট দূর করা, পরিবহন সংকট সমাধানে দ্রুত পদক্ষেপ গ্রহণ, শিক্ষা ব্যবস্থার উন্নয়নের স্বার্থে সম্পূর্ণ ক্যাম্পাস দ্রুত ওয়াইফাই ইন্টারনেটের আওতাভুক্ত করা এবং শিক্ষার্থীদের নিরাপত্তার স্বার্থে দ্রুত পুলিশ ফাঁড়ি স্থাপনের দাবিতে দীর্ঘদিন ধরে তারা আন্দোলন করে আসছেন। কিন্তু বিশ্ববিদ্যালয় প্রশাসন কার্যকর পদক্ষেপ নেয়নি। এর জের ধরে সাধারণ শিক্ষার্থীরা সোমবার দুপুরে ক্লাস বর্জন করে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও প্রশাসনিক ভবনে তালা ঝুলিয়ে দেন। গতকাল এক সংবাদ বিজ্ঞপ্তিতে ১০ ছাত্রের বহিক্ষারাদেশ প্রত্যাহার দাবি করেন সাধারণ ছাত্রছাত্রীরা।

© সমকাল 2005 - 2018

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি | প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,  
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ | ইমেইল: [info@samakal.com](mailto:info@samakal.com)